দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 17 FEB 1996
পৃষ্ঠা ৬ কলাম ৭

উত্তর জনপদের চিত্র

# ৬ লাখ শিশু শিক্ষার আলো থেকে বঞ্চিত

পঞ্চগড়, ১৬ ফেব্রুয়ারি (সংবাদদাতা)।- উত্তরাঞ্চলের ১৬ জেলার বিদ্যালয় গমনোপযোগী ৪৩ লাখ ৮৭ হাজার শিশুর মধ্যে প্রায় ৬ লাখ শিশু স্কুলে যাচ্ছে না।

সরকারী তথ্য অনুযায়ী জানা গেছে, পঞ্চগড় জেলার ৬ থেকে ১০ বছরের বিদ্যালয় গমনোপযোগী ১ লাখ ২৩ হাজার ৯শ' ৪৯ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ১০ হাজার ৩১৮ জন। ঠাকুরগাঁও জেলায় ১ লাখ ৭৫ হাজার ১৫৫ জন শিশুর মধ্যে বিদ্যালয়ে যাচ্ছে ১ লাখ ৫০ হাজার ৬শ' ৮৩ জন। দিনাজপুরে বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা ৩ লাখ ৬২ হাজার। বিদ্যালয়ে যাচ্ছে ৩ লাখ ২২ হাজার ৭শ' ৯২ জন। কুড়িগ্রামে বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা ২ লাখ ৮৭ হাজার। এর মধ্যে ২ লাখ ১৩ হাজার ৩শ' ২২ জন বিদ্যালয়ে যায়। গাইবান্ধায় প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী ৩ লাখ ৩৯ হাজার ৯শ' ৭৩ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ২ লাখ ৭৯ হাজার ৩২৩। রংপুর জেলায় স্কুল গমনোপযোগী ৩ লাখ ৭০ হাজার ৯শ' ৩১ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ৩ লাখ ২২ হাজার ৩শ' ৬৫। লালমনিরহাট জেলায় ১ লাখ ৬২ হাজার ২১ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৩৯ হাজার ৪শ' ২৫। নীলফামারী জেলায় ২৩ হাজার ৫শ' ৫৫ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৯৫ হাজার ৭৩। সিরাজগঞ্জ জেলায় ৪ লাখ ২২ হাজার ৯শ' ৩২ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ৩ লাখ ৭০ হাজার ৯শ' ৫৪। পাবনা জেলায় ৩ লাখ ৪৭ হাজার ৮শ' ৭৭ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ৩২ হাজার ৭শ' ১৬ জন। জয়পুরহাটে বিদ্যালয় গমনোপযোগী শিশুর সংখ্যা ১ লাখ ১০ হাজার ৪শ' ৬৪। বিদ্যালয়ে যায় ৯৬ হাজার ৭শ' ৪২। বগুড়া জেলায় বিদ্যালয় গমনোপযোগী ৪ লাখ ৯ হাজার ৪শ' ৮২ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ৩ লাখ ৩৬ হাজার ৫শ' ৯৮। চাঁপাইনবাবগঞ্জ জেলায় বিদ্যালয় গমনোপযোগী ১ লাখ ৮৪ হাজার ৫৯ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৫৯ হাজার ৫০। নওগাঁ জেলায় বিদ্যালয় গমনোপযোগী ৩ লাখ ২১ হাজার ৫শ' শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ২ লাখ ৮৭ হাজার ২১৪। নাটোরে বিদ্যালয় গমনোপযোগী ২ লাখ ২০ হাজার ১শ' ৩৩ শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ১ লাখ ৮৫ হাজার ৩শ' ৮১। রাজশাহী জেলায় ৩ লাখ ২৪ হাজার ৫৮৩ বিদ্যালয় গমনোপযোগী শিশুর মধ্যে বিদ্যালয়ে যায় ২ লাখ ৯৫ হাজার ১৫০।

SHEET — OF — SHEETS